# উপজেলা পরিষদ রাজৈর, মাদারীপুর এর ডিসেম্বর-২০২৪ খ্রি. মাসের মাসিক সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ মাহফুজুল হক
প্রশাসক, উপজেলা পরিষদ, রাজৈর, মাদারীপুর।
স্থান : উপজেলা পরিষদ কমপ্লেক্স।
তারিখ : ২৩-১২-২০২৪ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর সভা পরিচালনা করেন। উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান এবং কোনরূপ সংশোধনী থাকলে তা উপস্থাপনের জন্য সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। বিগত সভার সিদ্ধান্ত সম্পর্কে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর সভায় নিম্নবর্ণিতভাবে বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা কৃষি বিভাগ। | উপজেলা কৃষি অফিসার, রাজৈর সভায় নিম্নবর্ণিতভাবে তার বিভাগীয় কার্যক্রম উপস্থাপন করেন<br>রবি-২০২৪-২০২৫ এর আবাদের তথ্য<br>সরিষা-২৬৮৫ হে. মসুর-১১০০ হে. পেঁয়াজ-১৯৪ হে. রসুন- ১৩৫ হে. শাকসবজি-৭৫৫ হে.<br>সারের বরাদ্দঃ- ইউরিয়া-৩২৬ মে.টন, ডিএপি-৩৫০ মে.টন, টিএসপি-৪৫ মে.টন, এমওপি-১৬৭ মে.টন।<br>বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | মাঠে সার্বক্ষণিক কৃষকদের সাথে যোগাযোগ রাখতে হবে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা কৃষি অফিসার। |
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা স্বাঃ ও পঃ পঃ কর্মকর্তা। |
| ০৩ | উপজেলা প্রাণি সম্পদ বিভাগ। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, রাজৈর বলেন গবাদি পশুর টিকা প্রদান-৩০০০ মাত্রা, হাঁস-মুরগির টিকা প্রদান-৫৫০০০ মাত্রা, গবাদিপশুর চিকিৎসা সেবা প্রদান-১৮৭০ টি, হাঁস-মুরগির চিকিৎসা সেবা প্রদান-২১২২৫ টি, পোষা প্রাণীর চিকিৎসা প্রদান-১৭ টি, কৃত্রিম প্রজনন-৫৪০ টি, সংকর জাতের বাছুরের তথ্য-২৭৮ টি, গবাদিপশুর খামার স্থাপন-০৪ টি, হাঁস-মুরগির খামার স্থাপন-০২, খামার পরিদর্শন-৭ টি, উঠান বৈঠকের আয়োজন-০ টি, উন্নত জাতের ঘাসের চাষ-০১.০০ একর। অত্র দপ্তরের আওতায় সারাদেশের ন্যায় রাজৈর উপজেলার ০১ টি পৌরসভা সহ ১১ টি ইউনিয়নে (০১ থেকে ২৫) অক্টোবর ২০২৪ ইং পর্যন্ত ১২,৩৫০ টি ছাগল-ভেড়ায় ভলান্টিয়ার ভ্যাক্সিনেটরদের মাধ্যমে ১২,৩৫০ মাত্রা পিপিআর রোগের টিকা প্রদান করা হয়। ০১ টি ডিমের দোকান, ০১ টি গবাদিপশু ও পোল্ট্রি খাদ্য বিক্রেতা, ০১ টি গবাদিপশু ও পোল্ট্রি ঔষধ বিক্রয়কারক প্রতিষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর, মাদারীপুর মহোদয়ের সাথে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। ২০ জন মাংস প্রক্রিয়াজাতকারদের (কসাই) প্রশিক্ষণ প্রদান করা হয়। দপ্তরের অন্যান্য সেবামূলক কার্যক্রম চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার। |
| ০৪ | স্থানীয় সরকার বিভাগ (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী, রাজৈর সভায় জানান যে, ২০২৪ ২০২৫ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন জমা তহবিল হতে দ্রুত প্রকল্প নির্বাচন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। প্রকল্প নির্বাচন পরবর্তী প্রাক্কলন প্রস্তুতসহ টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন এবং আগামী জুনের মধ্যেই নির্বাচিত প্রকল্পগুলি বাস্তবায়ন করতে দ্রুত প্রকল্প সিলেকশন করা প্রয়োজন। এ ছাড়া চলতি অর্থ বছরে টেন্ডারকৃত প্রকল্পগুলি বাস্তবায়ন শেষ পর্যায়ে। বাস্তবায়নকৃত প্রকল্পগুলি পরিদর্শন পূর্বক ঠিকাদারকে প্রত্যয়ন প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানবৃন্দকে অনুরোধ করেন। উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল হতে টেন্ডারকৃত ৩নং প্যাকেজের ১ নং প্রকল্প ও ২ নং প্রকল্প ঠিকাদার কর্তৃক বাস্তবায়ন করতে গিয়ে দেখা যায় বরাদ্দকৃত অর্থে উক্ত কাজ বাস্তবায়ন করা সম্ভব না এবং ৪ নং প্রকল্পটির নির্ধারিত স্থানে কালভার্ট নির্মাণকাজ বন্ধে মাননীয় আদালতে মামলা হয়েছে ও বিশ্বস্তসূত্রে জানা যায় ১০ নং প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে মাননীয় আদালতে মামলা হওয়ার আশঙ্কা রয়েছে। | উপজেলা প্রকৌশলীর প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনা করতে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | একারণে বর্ণিত প্রকল্পগুলি বাস্তবায়ন করা সম্ভব নয়। প্রকল্পগুলির স্থান পরিবর্তনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদার কর্তৃক মৌখিকভাবে অনুরোধ জানিয়েছেন। এমতবস্থায় ৪ নং প্রকল্পের পরিবর্তে "সাধুহাটির মেকলেচ মাষ্টারের বাড়ির সামনে সাধুর খালে ঘাটলা নির্মাণ-২২০০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকা" এবং অবশিষ্ট ১, ২ ও ১০ নং প্রকল্পের পরিবর্তে "মজুমদারকান্দি উজ্জল মাতুব্বরের বাড়ির সামনে খালের উপর বক্স কালভার্ট নির্মাণ-২২০০০০/- (দুই লক্ষ বিশ হাজার) টাকা এবং শাখারপাড় ইউপি সদস্য সাহিদ ইমরানের বাড়ির রাস্তা সিসিকরণ-২০০০০০/- (দুই লক্ষ) টাকায়" বাস্তবায়নের প্রস্তাব করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করা হয়। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | | |
| ০৫ | ত্রাণ ও পুনর্বাসন শাখা | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা। |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা মৎস্য অফিসার। |
| ০৭ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ। | উপজেলা শিক্ষা অফিসার, রাজৈর সভায় জানান যে, অনলাইনে সম্ভাব্যির স্লিপ কার্যক্রম (২০২৪-২০২৫) প্রধান শিক্ষক কর্তৃক সাবমিট এবং এইউইও কর্তৃক অনুমোদন। নীতিমালা মোতাবেক ৩য় প্রান্তিক মূল্যায়ন-২৪ এর প্রশ্ন প্রণয়ন, প্রিন্ট, বিতরণ পরীক্ষা গ্রহণসহ ইত্যাদি উপজেলা হতে এইউইও এর তত্ত্বাবধানে পরিচালনা করা (৩য় শ্রেণীসহ)। সকল কর্মকর্তা-কর্মচারী ও শিক্ষকের সম্পদ বিবরণী জেলায় প্রেরণ করা হয়েছে। জানুয়ারি-জুন/২৪ এর পেডিং চাহিদা প্রস্তুত ও মোবাইল নম্বর সংশোধন কার্যক্রম শিক্ষার্থীদের ৮৫% উপস্থিতি নিশ্চিত করনের মাধ্যমে যাচাই-বাছাই পূর্বক অনুমোদন প্রদান করা হয়। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে পরিচালনাসহ স্কুল কেন্দ্রিক সকল ধরনের উন্নয়ন কার্যক্রম ও স্কুল পরিদর্শন করে উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর বরাবরে নিয়মিত প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার। |
| ০৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | বিগত ০৪ মাস যাবত আপনি সভায় অনুপস্থিত/নিয়মিত কার্যপত্র প্রদানে বিরত রয়েছেন। সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। | উপজেলা মাঃ শিক্ষা অফিসার। |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, রাজৈর উপজেলায় বর্তমান মাসে মোট সক্ষক দম্পতি-৪৮৮৩৬ জন, মোট গ্রহণকারী-৩৭৩৩৮ জন, খাবার বড়ি-৬৭৩, কনডম-৪১৭, ইনজেকশন-৬১০, আইইউডি-১০, ইমপ্লান্ট-১৭, ডেলিভারী-০৯, পুরুষ-০, মহিলা-১০, এএনসি-৫৮৫, পিএনসি-১৬০, সাধারণ রোগী (পুরুষ-২৮৯ জন ও মহিলা-১৮৬৭ জন), শিশু-১৪৬ এবং ৫৩১, প্রজনন সেবা-৩১৫৯ এবং পুষ্টি সেবা-২৮২৫। ডিডিএস কিট ও পদ্ধতি সরবরাহ পর্যাপ্ত না থাকায় অস্থায়ী পদ্ধতিতে সংগ্রহের পরামর্শ দেয়া হয়। উপজেলা পরিবার পরিকল্পনার নিজস্ব ভবন নির্মাণের জন্য স্থান নির্বাচনের উদ্যোগ গ্রহণের জন্য সভাপতি মহোদয়কে বিশেষভাবে অনুরোধ করা হলো।বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | পরিবার পরিকল্পনার কার্যক্রমে সফলতা অর্জনে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে জোরালোভাবে কাজ করতে হবে এবং সফলতা কার্যক্রম ধরে রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ১০ | উপজেলা সমাজসেবা অফিস। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, উপজেলা সমাজসেবা অফিসের আওতাধীন সকল প্রকারের ভাতাভোগীদের ভাতার অর্থ সময়মত নিজ ভাতাভোগীর ব্যাংক হিসাব নম্বরে ২০২৪-২০২৫ অর্থ বছরে ১ম কিস্তি ভাতার অর্থ প্রেরণ করা হয়েছে এবং ২য় কিস্তি প্রেরণের জন্য পেরোল সম্পন্ন করা হয়েছে। ভাতাভোগীদের মৃত্যু প্রতিস্থাপন, বিকাশ নম্বর পরিবর্তন ও প্রতিবন্ধী জরিপ কাজ চলমান রয়েছে এবং ২০২৪-২৫ অর্থ বছরে প্রতিবন্ধী, বেদে, অনগ্রসর ও হিজড়া জনগোষ্ঠী ভাতার অনলাইন আবেদন শুরু হয়েছে। এ বিষয়ে প্রতিটি ইউপিতে প্রাপ্ত পত্র মোতাবেক নির্দেশনা প্রদান করা হয়েছে। ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, জন্মগত হৃদরোগ, স্ট্রোকে প্যারালাইজড, থ্যালাসিমিয়া রোগে আক্রান্ত রোগীদের ১২ টি আবেদন জেলা অফিসে প্রেরণ করা হয়েছে এবং আবেদন গ্রহণ চলমান রয়েছে। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিস (বি.আর.ডিবি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, রাজৈর সভায় বলেন যে, লক্ষ্যমাত্রা অনুযায়ী নিয়মিত সমিতি/দলগঠন ০৪ টি, মাসে অর্জন ০১ টি, সদস্য/সদস্যা ভর্তি মাসে-৫৮ জন বছরে-১৪৫ জন, শেয়ার আদায়-০.০৭ টাকা, বছরে ০.৩৭ টাকা, সঞ্চয় আদায় মাসে-১৩.১৬ টাকা, বছরে ৪৪.৭৮ টাকা, ঋণ বিতরণ মাসে-২২৭.২৭ টাকা, বছরে ১০৫২.৮৭ টাকা, ঋণ আদায় মাসে-২৫৩.৫৮ টাকা, বছরে ৯৩৬.৩৪ টাকা। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান।<br>প্রকল্প গ্রহণ- মৎস্য চাষ- ১২১ টি, গরু মোটাতাজাকরণ- ৯২ টি, হাঁস মুরগি পালন- ১৪৫ টি, সবজি চাষ- ১৬৯ টি, ক্ষুদ্র ব্যবসা- ১৮৩ টি ও কৃষি কাজ- ১৩৮ টি। সর্বমোট-৮৪৭ টি। ১। সিভিডিপি প্রকল্পের সঞ্চয় জমা কার্যক্রম চলমান ও প্রশিক্ষণের জন্য অবহিতকরণ। ২। সিভিডিপি প্রকল্পের আইজিএ ও দক্ষতামূলক প্রশিক্ষণ চলমান আছে। সমবায়ীদের প্রশিক্ষণ কার্যক্রম চালু করার জন্য অফিস সংলগ্ন পরিত্যাক্ত পশিক্ষণ রুমটি পুনরায় নির্মাণ করা জন্য অনুরোধ করেন। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। | যাতে খেলাপী ঋণ আদায়ে জোরালো ভূমিকা রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার। |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থবছরে চলমান মাস পর্যন্ত ৮০০০০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ২০২৪-২০২৫ অর্থবছরে নভেম্বর মাসে ২১০ জন যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। বর্তমান মাসে যুব ঋণ আদায় ৯৭%। সামাজিক কর্মকান্ডে যুবদের ভূমিকা শীর্ষক কর্মশালা সম্পন্ন করা হয়েছে। চলমান খেলাপী ঋণ আদায় অব্যাহত রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম সঠিকভাবে চলছে। | সকল প্রকার প্রশিক্ষণ যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে এবং ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানেরদের সাথে আলোচনা করে এবং সঠিক তদারকির মাধ্যমে যুব/যুব মহিলাদের মাঝে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার। |
| ১৩ | উপজেলা সমবায় বিভাগ। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা সমবায় অফিসার। |
| ১৪ | উপজেলা নির্বাচন অফিস। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | বিগত ০৫ মাস যাবত আপনি সভায় অনুপস্থিত/নিয়মিত কার্যপত্র প্রদানে বিরত রয়েছেন। সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | বিগত ০৫ মাস যাবত আপনি সভায় অনুপস্থিত/নিয়মিত কার্যপত্র প্রদানে বিরত রয়েছেন। সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৬ | উপজেলা বন বিভাগ। | উপজেলা বন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, জলাবদ্ধতা নিরসন ব্যাপক পরিমান চারা উৎপাদন এবং চাহিদা মোতাবেক ফলজ, বনজ ও ঔষধী গাছের চারা উত্তোলন করার স্বার্থে উপজেলা পরিষদের অভ্যন্তরের সামাজিক বনায়ন ও নার্সারী ক্ষেত্রে ১৪০০০ ঘনফুট মাটি ভরাট করা প্রয়োজন। উপজেলা পরিষদ হতে যে কোন প্রকল্পের মাধ্যমে মাটি ভরাটের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা। |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রাজৈর সভায় জানান যে, টেকেরহাট খাদ্য গুদামের খাদ্য শস্যের প্রারম্ভিক মজুদ- ক) চাল ঃ ৪৯৫৪.৯৬৩ মেঃ টন, খ) গম ঃ ৯৮৫.১৭৭ মেঃ টন, গ) খালিবস্তা ঃ ৬৭,৫০৬/- খানা। সারাদেশের ন্যায় রাজৈর উপজেলা ২০২৪-২৫ মৌসুমে অভ্যন্তরীণভাবে সরকার ৩,৭২০,০০০ মেঃ টন আমন সিদ্ধ চাল এবং ২৬১,০০০ মেঃ টন আমন ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। এ বছর মানুয়ালি এবং কৃষকের অ্যাপে অর্থাৎ উভয় ভাবে ধান ক্রয় করা হবে। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে এ কার্যক্রম পরিচালিত হবে। তবে কৃষি অফিস কর্তৃক প্রদেয় উপজেলা সংগ্রহ কমিটির অনুমোদিত তালিকায় উল্লেখিত কৃষকের মধ্য হতে ২৮/০২/২০২৫ খ্রিঃ পর্যন্ত ধান ক্রয় কার্যক্রম পরিচালিত হবে কিন্তু এখন পর্যন্ত কোন কৃষক খাদ্যগুদামে ধান বিক্রয় করতে আসেন নি। এ পর্যন্ত আমন সিদ্ধ চাল সংগ্রহ করা হয়েছে ২১১.৩৫০ মে. টন। সেপ্টেম্বর/২৪ মাস হতে খাদ্যবান্ধব কর্মসূচি চালু হয়েছে। সেপ্টেম্বর, অক্টোবর এবং নভেম্বর/২৪ এ তিন মাস চলমান ছিল। নভেম্বর/২৪ মাসের খাদ্যবান্ধব কর্মসূচির চাল সঠিক ভাবে বিক্রয় কার্যক্রম পরিচালিত হয়েছে। নভেম্বর/২৪ মাসেও পুষ্টি মিশ্রিত চাল ভোক্তাদের মাঝে বিক্রয় করা হয়েছে। এ উপজেলায় খাদ্যবান্ধব কর্মসূচির সর্বমোট ভোক্তার সংখ্যা ৬৯৮১ জন। এদের মধ্যে চলতি মাসে উপকারভোগীর সংখ্যা ৬৯৬২জন। অবশিষ্ট ১৯ জন বিভিন্ন কারণে অযাচাইকৃত/ বাতিল রয়েছে। নতুন করে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। আগামী ০২/০১/২০২৫ খ্রি. পর্যন্ত আগ্রহী প্রার্থীগণ আবেদন করতে পারবেন। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | নভেম্বর/২৪ মাসে টিসিবি ডিলারের মাধ্যমে অন্যান্য পণ্যের সাথে ওএমএস কার্যক্রমের আওতায় ভোক্তা প্রতি ০৫ কেজি হারে ৩০ টাকা দরে চাল বিক্রয় কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হয়েছে। উক্ত কার্যক্রমে রাজৈর উপজেলায় ১২,৭৪০জন ভোক্তার মাঝে (১২,৭৪০x৫)= ৬৩.৭০০ মেঃ টন চাল বিলিবিতরণ করা হয়। রাজৈর পৌরসভায় ১১ জন এবং ইউনিয়ন পর্যায়ে ১৩ জন টিসিবি ডিলারের মাধ্যমে এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। ওএমএস এবং খাদ্যবান্ধব ডিলারদের মাধ্যমে টিসিবির ডিলারদের চাল সরবরাহ করা হয়। চলতি মাসে এখন পর্যন্ত কোন চাহিদাপত্র পাওয়া যায় নি। রাজৈর উপজেলায় ১২টি ইউনিয়নে ভিডব্লিউবি কর্মসূচীর আওতায় কার্ডের মাধ্যমে মোট ১৬৯৮ জন মহিলাকে প্রতি মাসে ৩০কেজি হারে চাল বিলিবিতরণ করা হয়। ডিসেম্বর/২৪ মাসের ভিডব্লিউবি খাতে চাল সুন্দরভাবে বিলিবিতরণ সম্পন্ন হয়েছে। খালিয়া ইউনিয়ন এখন পর্যন্ত ভিডব্লিউবি খাতের চাল উত্তোলন করেনি। রাজৈর উপজেলার বিভিন্ন ইউনিয়নে ফুড গ্রেইন লাইসেন্স করনের কার্যক্রম অব্যাহতসহ অন্যান্য কার্যাবলী স্বাভাবিকভাবে চলমান আছে। | | |
| ১৮ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, ভিডব্লিউবি এর নভেম্বর মাসের ইউনিয়ন ভিত্তিক খাদ্যশস্য বিতরণের ছাড়পত্র উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়ে জমা দেয়া হয়েছে এবং ২০২৫-২০২৬ চক্রের উপকারভোগী নির্বাচনের উপজেলা কমিটিকে অবহিত করা হয়েছে ও কার্যক্রম চলমান। ডব্লিউটিসি দর্জি বিজ্ঞান প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ অক্টোবর/২৪ হতে ডিসেম্বর/২৪ কার্যক্রম চলমান। দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। | দাপ্তরিক বিভিন্ন কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা। |
| ১৯ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | বিগত ০৬ মাস যাবত আপনি সভায় অনুপস্থিত/নিয়মিত কার্যপত্র প্রদানে বিরত রয়েছেন। সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা। |
| ২০ | উপজেলা হিসাবরক্ষণ অফিস। | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | নিয়মিত কার্যপত্র নিয়ে সভায় উপস্থিত থাকতে হবে। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা। |
| ২১ | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | বিগত ০৬ মাস যাবত আপনি সভায় অনুপস্থিত/নিয়মিত কার্যপত্র প্রদানে বিরত রয়েছেন। সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি। |
| ২২ | বিদ্যুৎ বিভাগ। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ, টেকেরহাট, বলেন ২০২৩-২০২৪ অর্থ বছরে লাইন নির্মাণ-ক্রমপুঞ্জিত-২.৩৬ কিঃ মিঃ (২) নতুন গ্রাহক সংযোগ নভেম্বর-২৪)ঃ- আবাসিক-২০০ টি, বানিজ্যিক-৩০ টি ও দাতব্য প্রতিষ্ঠান-০২ টি, অটো চার্জ স্টেশন-০১, অন্যান্য-০, গ্রাহক সংযোগ (ক্রমপুঞ্জিত)-৭৭১৮৬ জন, বিদ্যুতায়িত গ্রাম-১৮৬, বিদ্যুতায়নের হার-১০০%, গ্রাহক সেবায় পল্লী বিদ্যুতের ০১ টি উঠান বৈঠক করা হয়েছে। সরকারি আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের নিকট বকেয়া বিদ্যুৎ বিল ২৬১১৪৭৫/- টাকা। | নিয়মিত বিদ্যুৎ সরবরাহসহ বকেয়া আদায় করতে হবে। ভুতুরে বিল যাতে না হয় এবং কোন গ্রাহক হতে অহেতুক হয়রানির অভিযোগ না আসে সেদিকে লক্ষ্য রাখতে হবে। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, টেকেরহাট |
| ২৩ | পল্লী সঞ্চয় ব্যাংক। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজৈর সভায় জানান যে, উপজেলায় ব্যাংকে মোট ২২২টি সমিতিতে ১০১৩৪ জন সদস্যের মাঝে বর্তমান মাসে সঞ্চয় আদায়ের পরিমান ৫১৭০০০/- ও ঋণ আদায়ের পরিমান ১১৯০০০০০/- ও ঋণ প্রদানের পরিমান ১২১০২০০০/-। ইউনিয়ন পর্যায়ে সদস্য ভর্তি চলমান। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ঋণ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানেরদের সাথে আলোচনা করে এবং সঠিক তদারকির মাধ্যমে ঋণ বিতরণের ব্যবস্থা নিতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক। |
| ২৪ | উপজেলা পাট পরিদর্শক | কোন কার্যপত্র না পাওয়ায় আলোচনা করা সম্ভব হয়নি। | বিগত ০৬ মাস যাবত আপনি সভায় অনুপস্থিত/নিয়মিত কার্যপত্র প্রদানে বিরত রয়েছেন। সভায় নিয়মিত কার্যপত্র নিয়ে উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা। |
| ২৫ | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিস। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, রাজৈর সভায় জানান যে, চলতি অর্থ বছরে মোট সমিতি-লক্ষমাত্রা ৭৩ অর্জন ৭১ টি, মোট সদস্য লক্ষমাত্রা-২০০০ জন, অর্জন ২০৯৮ জন, ঋণী সদস্য সংখ্যা লক্ষমাত্রা-৭৫০ জন, অর্জন ৬৬০ জন, চলতি বছরে ঋণ বিতরণ লক্ষমাত্রা-৩১০ লক্ষ, অর্জন ১০২.৭০ লক্ষ, চলতি বছরে ঋণ আদায়-৩৪০.৮২ লক্ষ, অর্জন ২২৮.৩০ লক্ষ, মোট খেলাপি (ক্রমপুঞ্জিত)-৪১.৯০ লক্ষ, ঋণ মাঠে পাওনা লক্ষমাত্রা-২০১.৬৭ লক্ষ, আদায়ের হার ঋণ-৯৬%, সদস্য প্রশিক্ষণঃ আত্মবৃদ্ধিমূলক কর্মকান্ড লক্ষমাত্রা ২০০ জন, চলতি বছর অর্জন ৭৫ জন (সমিতি পর্যায়ে), পুঁজি গঠণ (ক্রমপুঞ্জিত)-৯৬.৯৫ লক্ষ। বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চলছে। সকলের সহযোগিতা কামনা করেন। | দাপ্তরিক কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নসহ ঋণ আদায়ে তৎপরতা আরো বৃদ্ধি করতে হবে। | উপজেলা দারিদ্র্য বিমোচন অফিসার। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৬ | বিবিধ আলোচনা। | (ক) প্রশাসক, উপজেলা পরিষদ, রাজৈর বলেন মাতৃত্বকালীন ভাতা'র মাসিক বরাদ্দের বেশী আবেদন করানোসহ প্রতিটি ইউপিতে বাস্তবায়িত উন্নয়ন তহবিল হতে গৃহীত প্রকল্পগুলি নিয়মিত পরিদর্শনের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>(খ) চেয়ারম্যান, কদমবাড়ি ইউপি, রাজৈর বলেন কদমবাড়িতে ২টি সুইচ গেট নির্মাণ করা হলে অপ্রয়োজনীয় পানি নিষ্কাশন ও প্রয়োজনে ফসলি জমিতে পানি সরবরাহ প্রদান করা যাবে। এতে করে ফসলের উৎপাদন বাড়বে। ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।<br>(গ) সভাপতি, প্রথক, রাজৈর সভায় জানান যে, গোয়ালবাথান পালপাড়া নদীরপাড়ে বসবাসরতদের ঘরের খুটি নদীর পাড়ে হওয়ায় যে কোন সময়ে শিশুদের প্রাণহানিসহ বড় ধরণের দুর্ঘটনা ঘটতে পারে। আলমদস্তার স্কুলের সামনে মহাসড়কে একটি স্পীড ব্রেকার দেয়া যায় কিনা? উপজেলা প্রাথমিক শিক্ষা ও বিআরডিবি অফিসের সামনে বর্ষাকালে পানি জমে যাতায়াত করা অসম্ভব হয়ে পড়ে। ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসের মাধ্যমে ৮টি ব্রীজের কাজ চলমান রয়েছে। প্রয়োজনীয় তদারকির অভাবে কাজের মান খারাপ হচ্ছে। ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। | (ক) প্রশাসকের প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, রাজৈরকে অনুরোধ করা হয়।<br>(গ) ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার, রাজৈর ও সংশ্লিষ্ট সকল। |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ [illegible])
প্রশাসক
উপজেলা পরিষদ
রাজৈর, মাদারীপুর।

স্মারক নং-০৫.৪১.৫৪৮০.০০০.০৮.০০১.১৪- ১০১৬/১

তারিখঃ ২৩-১২-২০২৪ খ্রি.

অনুলিপি (সদয় অবগতার্থে প্রেরণ করা হলো)ঃ- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, মাদারীপুর।
০৩। সিনিয়র সহকারী সচিব, জেলা প্রশাসন-২ শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রশাসক, রাজৈর পৌরসভা,.মাদারীপুর।

অনুলিপি অবগতার্থে/কার্যার্থে ঃ-(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। উপজেলা আইসিটি অফিসার, রাজৈর (তাকে কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
০২। উপজেলা .................................................. কর্মকর্তা, রাজৈর, মাদারীপুর।
০৩। চেয়ারম্যান (সকল), ...................................... ইউনিয়ন পরিষদ, রাজৈর।
০৪। অফিস কপি।

(মোঃ [illegible])
উপজেলা নির্বাহী অফিসার
রাজৈর, মাদারীপুর।